

২০২৪

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-14

[সংস্কৃত, ইংরেজি ও প্রতিবেশী (হিন্দি) সাহিত্যের ইতিহাস]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) ভবভূতির যে-কোনো একটি নাটক অবলম্বন করে সংস্কৃত নাট্যসাহিত্যে তাঁর অবদান সম্পর্কে আলোচনা করো। ১০
অথবা,
(খ) 'গীতগোবিন্দম্' কাব্য অবলম্বন করে কবি জয়দেবের প্রতিভার পরিচয় দাও। ১০
- ২। (ক) ডিকেন্স-এর উপন্যাস রচনার বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০
অথবা,
(খ) বার্নার্ড 'শ'-এর দু'টি নাটক সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনার মাধ্যমে তাঁর প্রতিভার মূল্যায়ন করো। ১০
- ৩। (ক) "ঔপন্যাসিক প্রেমচন্দ সমকালীন ভারতীয় সাহিত্যক্ষেত্রে বিশেষ উল্লেখযোগ্য স্থান অধিকার করে আছেন।" — মন্তব্যটির প্রেক্ষিতে প্রেমচন্দ্রের মূল্যায়ন করো। ১০
অথবা,
(খ) কবি মহাদেবী বর্মার কবি কৃতিত্বের পরিচয় দাও। ১০
- ৪। (ক) 'হর্ষচরিত' কার লেখা? রচনাটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) 'অভিজ্ঞানশকুন্তলম্' নাটকটির বৈশিষ্ট্য সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) 'Endymion' কাব্যটির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫
অথবা,
(খ) শেক্সপিয়ার রচিত একটি কমেডি নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) নিরাদা রচিত 'চোটি কী পকড়' উপন্যাস বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫

অথবা,

(খ) নাটককার হিসাবে ভারতেন্দু হরিশচন্দ্রের সংক্ষিপ্ত মূল্যায়ন করো।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) মৃচ্ছকটিকম্

(খ) এ রুম অফ ওয়ানস ওন

(গ) শতরঞ্জ কী খিলাড়ী।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) 'রঘুবংশম্' কার লেখা, কী জাতীয় রচনা?

(খ) 'মালবিকাগ্নিমিত্রম্' নাটকটির নায়ক কোন রাজ্যের রাজা ছিলেন?

(গ) মহাশ্বেতা চরিত্রটি কোন সংস্কৃত রচনায় পাওয়া যায়?

(ঘ) 'মৃচ্ছকটিক' নাটকটির পটভূমি হিসেবে কোন রাজ্যের উল্লেখ পাওয়া যায়?

(ঙ) জয়দেব কোন শতকের কবি?

(চ) ইংরেজি কাব্যসাহিত্যে বিখ্যাত 'Lucy' সিরিজটি কার লেখা?

(ছ) বার্নার্ড শ কত সালে নোবেল পুরস্কার পান?

(জ) 'Waverly' উপন্যাসটি কে রচনা করেন?

(ঝ) 'Adonais' কাব্যটি কে, কার উদ্দেশ্যে রচনা করেছেন?

(ঞ) সামুয়েল বেকট রচিত একটি নাটকের নাম লেখো।

(ট) কোন হিন্দি সাহিত্যিকের প্রকৃত নাম ধনপত রায়?

(ঠ) কত খ্রিস্টাব্দে ভারতেন্দু হরিশচন্দ্রের প্রয়াণ ঘটে?

(ড) 'স্মৃতি কী রেখাঐ' — গ্রন্থটির রচয়িতার নাম লেখো।

(ঢ) 'অঙ্গুরা' উপন্যাসের নায়কের নাম কী?

(ণ) 'দুর্লভবন্ধু' নাটকটি কোন ইংরেজি নাটকের অনুসরণে রচিত হয়েছে?